গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড,
রাজস্ব ভবন
সেগুনবাগিচা, ঢাকা।

সভার কার্যবিবরণী

বিষয়ঃ ভ্যাট কর্মকর্তাগণের স্বাক্ষর জালিয়াতির মাধ্যমে ট্যাক্স স্ট্যাম্প উত্তোলনের প্রেক্ষিতে সৃষ্ট সমস্যা সমাধানের উপায় নির্ধারণ বিষয়ে ১২/১১/২০১৭ খ্রিঃ তারিখে জাতীয় রাজস্ব বোর্ডে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

সভার স্থান : জাতীয় রাজস্ব বোর্ডের সদস্য (মূসক-বাস্তবায়ন ও আইটি) এঁর কক্ষ (কক্ষ নং-৫৩৬)।
তারিখ : ১২ নভেম্বর, ২০১৭ খ্রি.।
সভাপতি : সুলতান মোঃ ইকবাল, সদস্য (মূসক-বাস্তবায়ন ও আইটি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

ভ্যাট কর্মকর্তাগণের স্বাক্ষর জালিয়াতির মাধ্যমে ট্যাক্স স্ট্যাম্প উত্তোলনের প্রেক্ষিতে সৃষ্ট সমস্যা সমাধানের উপায় নির্ধারণের লক্ষ্যে গত ১২ নভেম্বর, ২০১৭ তারিখে জাতীয় রাজস্ব বোর্ডের সদস্য (মূসক-বাস্তবায়ন ও আইটি) এঁর সভাপতিত্বে একটি পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয় । উক্ত সভায় উপস্থিত সদস্যগণের তালিকা পরিশিষ্ট 'ক' তে দেখানো হলো।

০২। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার শুরুতে সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে দ্বিতীয় সচিব জনাব মোঃ রুহুল আমিন এ সভা আহ্বানের প্রেক্ষাপট আলোকপাত করে বলেন যে, রাজশাহী ভ্যাট কমিশনারেট এর অধীনে মেসার্স খান টোব্যাকো ইন্ডাঃ নামীয় সিগারেট উৎপাদনকারী প্রতিষ্ঠান কর্তৃক সংশ্লিষ্ট ভ্যাট কর্মকর্তার স্বাক্ষর জালিয়াতি করে এসপিসিবিএল হতে সিগারেট স্ট্যাম্প/ব্যান্ডরোল সরবরাহ গ্রহণ করা হয়েছে। এসপিসিবিএল কর্তৃক দাখিলকৃত মার্চ/১৭ মাসের বিল যাচাইক্রমে বিষয়টি উদঘাটিত হওয়ায় উক্ত স্ট্যাম্প বাবদ ৩,৩৯,৬৯৫.১৮ (তিন লক্ষ উনচল্লিশ হাজার ছয় শত পঁচানব্বই দশমিক এক আট) টাকার বিল এসপিসিবিএল কে পরিশোধ করা হয়নি।

০৩। এ বিষয়ে রাজশাহী কমিশনারেট কর্তৃক গৃহীত কার্যক্রম সম্পর্কে অতিরিক্ত কমিশনার জনাব সৈয়দ আতিকুর রহমান বলেন যে, সরেজমিনে পরিদর্শনের সময় বর্ণিত প্রতিষ্ঠানটি সিলগালা অবস্থায় পাওয়া যায়। ফলে, প্রতিষ্ঠানটির সিগারেট স্ট্যাম্প/ব্যান্ডরোল এর মজুদ যাচাই করা সম্ভব হয়নি। বিগত মার্চ/১৭, মাসে বর্ণিত প্রতিষ্ঠান মেসার্স খান টোব্যাকো কর্তৃক দাখিলকৃত চাহিদাপত্রে যে দু'জন ভ্যাট কর্মকর্তার স্বাক্ষর ও সীল রয়েছে তাঁরা সে সময়ে বর্ণিত প্রতিষ্ঠানে কিংবা সংশ্লিষ্ট সার্কেলে পদস্থ ছিলেন না। ফলে চাহিদা পত্রে স্বাক্ষর জালিয়াতি করার বিষয়টি প্রমানিত হওয়ায় বর্ণিত প্রতিষ্ঠানটির বিরুদ্ধে ফৌজদারী মামলা দায়ের করা হয়েছে। একই সাথে বন্ধ প্রতিষ্ঠানটির সিলগালা ভেঙ্গে ভেতরের বাস্তব অবস্থা পর্যবেক্ষণের জন্য স্থানীয় প্রশাসন ও আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সহায়তা চাওয়া হয়েছে। আগামী সাত কর্মদিবসের মধ্যে বর্ণিত প্রতিষ্ঠানের সিলগালা ভেঙ্গে ভেতরের অবস্থা পর্যবেক্ষণপূর্বক প্রতিবেদন জাতীয় রাজস্ব বোর্ডে প্রেরণ করা হবে মর্মে তিনি আশাবাদ ব্যক্ত করেন।

০৪। স্ট্যাম্প সরবরাহ প্রক্রিয়া বিষয়ে এসপিসিবিএল এর প্রতিনিধি জানান যে, চাহিদা পত্রে উল্লিখিত স্বাক্ষর যাচাই করার কোন পদ্ধতি তাঁদের নেই। এ কারণে স্ট্যাম্প/ব্যান্ডরোল সরবরাহকালীন চাহিদা পত্রের সত্যতা যাচাইয়ের লক্ষ্যে তাঁরা বিভিন্ন সিগারেট উৎপাদনকারী প্রতিষ্ঠানে পদস্থ ভ্যাট কর্মকর্তাদের নাম ও মোবাইল নম্বর সরবরাহ করার জন্য অনুরোধ জানিয়ে জাতীয় রাজস্ব বোর্ডে পত্র প্রেরণ করেছেন।

Scanned with CamScanner

০৫। জাল স্বাক্ষরের মাধ্যমে সিগারেট কারখানা কর্তৃক স্ট্যাম্প ও ব্যান্ডরোল উত্তোলন বন্ধ করার লক্ষ্যে করণীয় বিষয়ে সভায় বিশদ আলোচনা হয়। সভায় সার্বিক পর্যালোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

| ক্র/নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নের দায়িত্ব |
|---|---|---|---|---|
| ১. | স্ট্যাম্প ও ব্যান্ডরোল এর জন্য মাসিক চাহিদা পত্র প্রেরণ | চাহিদাপত্রে সংশ্লিষ্ট সহকারী রাজস্ব কর্মকর্তা/রাজস্ব কর্মকর্তার স্বাক্ষর যথাযথ কিনা তার সত্যতা যাচাইপূর্বক ভ্যাট বিভাগীয় কর্মকর্তার অগ্রায়ণ পত্রের মাধ্যমে চাহিদাপত্র এসপিসিবিএল-এ পাঠানো হলে সিগারেট উৎপাদনকারী কর্তৃক জাল স্বাক্ষরের মাধ্যমে রাজস্ব স্ট্যাম্প/ব্যান্ডরোল উত্তোলন প্রতিরোধ করা যাবে। | সংশ্লিষ্ট সহকারী রাজস্ব কর্মকর্তা/রাজস্ব কর্মকর্তার স্বাক্ষর যথাযথ কিনা তার সত্যতা যাচাইপূর্বক ভ্যাট বিভাগীয় কর্মকর্তার অগ্রায়ণ পত্রের মাধ্যমে চাহিদাপত্র এসপিসিবিএল-এ পাঠাতে হবে। | • সংশ্লিষ্ট ভ্যাট কমিশনারেট<br>• সংশ্লিষ্ট ভ্যাট বিভাগীয় কর্মকর্তা |
| ২. | অনলাইনে স্ট্যাম্প ও ব্যান্ডরোলের চাহিদা পত্র প্রেরণ | চাহিদাপত্রের একটি কপি ভ্যাট বিভাগীয় কর্মকর্তা কর্তৃক ই-মেইলে এসপিসিবিএল-এ প্রেরণ করা হলে স্বাক্ষর জালিয়াতি রোধ করা যাবে। | ভ্যাট বিভাগীয় কর্মকর্তা চাহিদাপত্রের হার্ডকপির পাশাপাশি সফটকপি ই-মেইল যোগে এসপিসিবিএল-এ প্রেরণ নিশ্চিত করবেন | • সংশ্লিষ্ট ভ্যাট কমিশনারেট<br>• সংশ্লিষ্ট ভ্যাট বিভাগীয় কর্মকর্তা |
| ৩. | সিগারেট উৎপাদনকারী প্রতিষ্ঠানে পদায়নকৃত রাজস্ব কর্মকর্তা ও সহকারী রাজস্ব কর্মকর্তার নাম, পদবী, ছবি, মোবাইল নং-, টিএন্ডটি ফোন নং (যদি থাকে) ও নমুনা স্বাক্ষর সম্বলিত তথ্যাদি সংশ্লিষ্ট কমিশনারেট এর ওয়েবসাইটে প্রকাশ | এসপিসিবিএল এর সংশ্লিষ্ট কর্মকর্তা যাতে তাৎক্ষণিকভাবে ভ্যাট কর্মকর্তার স্বাক্ষর ও পরিচয় যাচাই করতে পারেন-সে জন্য প্রতিটি ভ্যাট কমিশনারেট কর্তৃক তাদের নিজস্ব ওয়েবসাইটে সংশ্লিষ্ট কর্মকর্তার নাম, পদবী, ছবি, মোবাইল নম্বর, টিএন্ডটি ফোন নম্বর (যদি থাকে) ও নমুনা স্বাক্ষর সম্বলিত তথ্যাদি নিয়মিত আপলোড ও আপডেট করা প্রয়োজন। এসপিসিবিএল এর বিপণন শাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা চাহিদাপত্রে প্রদত্ত ভ্যাট কর্মকর্তার স্বাক্ষরের সত্যতা নিশ্চিত হয়ে স্ট্যাম্প ও ব্যান্ডরোল সরবরাহ করবেন। | • ভ্যাট কমিশনারেট কর্তৃক সংশ্লিষ্ট রাজস্ব কর্মকর্তা/সহকারী রাজস্ব কর্মকর্তার নাম, পদবী, ছবি, মোবাইল নম্বর, টিএন্ডটি ফোন নম্বর (যদি থাকে) ও নমুনা স্বাক্ষর সম্বলিত পদায়ন আদেশ সংশ্লিষ্ট কমিশনারেট এর ওয়েবসাইটে নিয়মিত আপলোড ও আপডেট করতে হবে<br>• উক্তরূপ ব্যবস্থা গ্রহণ নিশ্চিত করার লক্ষ্যে জাতীয় রাজস্ব বোর্ড হতে কমিশনারেটসমূহকে নির্দেশনা পত্র দেওয়া হবে | • মূসক বাস্তবায়ন অনুবিভাগ, জাতীয় রাজস্ব বোর্ড<br>• সংশ্লিষ্ট ভ্যাট কমিশনারেট |
| ৪. | এসপিসিবিএল কর্তৃক চাহিদা পত্রের সত্যতা যাচাই | এসপিসিবিএল কর্তৃক চাহিদাপত্রের সত্যতা যাচাইপূর্বক স্ট্যাম্প ও ব্যান্ডরোল এর সরবরাহ নিশ্চিত করা হলে চাহিদাপত্রের স্বাক্ষর জালিয়াতি প্রতিরোধ করা সম্ভব হবে। | • এসপিসিবিএল স্ট্যাম্প ও ব্যান্ডরোল সরবরাহের পূর্বে সংশ্লিষ্ট চাহিদাপত্রে প্রদত্ত ভ্যাট কর্মকর্তার | দি সিকিউরিটি প্রিন্টিং করপোরেশন (বাংলাদেশ) লিমিটেড |

Scanned with CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | | স্বাক্ষর যাচাইক্রমে চাহিদাপত্রের সত্যতা সম্পর্কে নিশ্চিত হবেন<br>• স্বাক্ষর যাচাই করে ভিন্নতর তথ্য পাওয়া গেলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের বিরুদ্ধে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণের লক্ষ্যে তাৎক্ষণিকভাবে বিষয়টি সংশ্লিষ্ট ভ্যাট কমিশনারেটকে অবহিত করবেন<br>• সিগারেট উৎপাদনকারী নতুন ও ক্ষুদ্র প্রতিষ্ঠানে স্ট্যাম্প ও ব্যান্ডরোল সরবরাহের ক্ষেত্রে চাহিদাপত্রের সত্যতা যাচাইয়ের বিষয়ে এসপিসিবিএল বিশেষ সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ করবেন | (এসপিসিবিএল) |
| ৫. | সংশ্লিষ্ট ভ্যাট কর্মকর্তা কর্তৃক চাহিদাপত্র স্বাক্ষরের পূর্বে সিগারেট উৎপাদনকারী প্রতিষ্ঠানের স্ট্যাম্প, ব্যান্ডরোল ও উৎপাদিত সিগারেট এর মজুদ যাচাই নিশ্চিতকরণ | সংশ্লিষ্ট ভ্যাট কর্মকর্তা কর্তৃক চাহিদাপত্র স্বাক্ষরের পূর্বে সিগারেট উৎপাদনকারী প্রতিষ্ঠানের স্ট্যাম্প, ব্যান্ডরোল ও উৎপাদিত সিগারেট এর মজুদ যাচাই করা হয় না। কোন কোন সিগারেট উৎপাদনকারী প্রতিষ্ঠান তাদের চাহিদার তুলনায় অযৌক্তিকহারে অতিরিক্ত পরিমাণ স্ট্যাম্প সরবরাহ নিয়ে মজুদ করে রাখেন এবং পরবর্তীতে তা এসপিসিবিএল-এ ফেরত প্রদান করেন মর্মে এসপিসিবিএল এর প্রতিনিধি সভাকে অবহিত করেন। | • সংশ্লিষ্ট ভ্যাট কর্মকর্তা সিগারেট উৎপাদনকারী প্রতিষ্ঠানের স্ট্যাম্প, ব্যান্ডরোল ও উৎপাদিত সিগারেট এর মজুদ যাচাই করে প্রকৃত চাহিদা নিশ্চিত হয়ে চাহিদাপত্রে স্বাক্ষর করবেন<br>• সংশ্লিষ্ট রাজস্ব কর্মকর্তা/সহকারী রাজস্ব কর্মকর্তা সিগারেট উৎপাদনকারী প্রতিষ্ঠানের স্ট্যাম্প, ব্যান্ডরোল ও উৎপাদিত সিগারেট এর মজুদ যাচাই করে প্রকৃত চাহিদার আলোকে চাহিদাপত্রে স্বাক্ষর করেছেন কিনা-তা ভ্যাট বিভাগীয় কর্মকর্তা তদারকি করবেন | • সংশ্লিষ্ট ভ্যাট কমিশনারেট<br>• সংশ্লিষ্ট ভ্যাট বিভাগীয় কর্মকর্তা<br>• সংশ্লিষ্ট রাজস্ব কর্মকর্তা/সহ-কারী রাজস্ব কর্মকর্তা |

Scanned with CamScanner

০৬। সভায় আলোচ্যসূচীতে আর কোন বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রমে সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/- ২১/১১/২০১৭ খ্রি.।
(সুলতান মোঃ ইকবাল)
সদস্য (মূসক বাস্তবায়ন ও আইটি)
জাতীয় রাজস্ব বোর্ড

নথি নং-০৮.০১.০০০০.০৭১.১১.০০৫.০১৭/ ২৬৭(১৮)

তারিখঃ ০৭ অগ্রহায়ণ, ১৪২৪
২১ নভেম্বর, ২০১৭

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলোঃ

০১-১২। কমিশনার, কাস্টমস এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর)/ঢাকা (দক্ষিণ)/ঢাকা (পূর্ব)/ঢাকা (পশ্চিম)/রাজশাহী/যশোর/কুমিল্লা/সিলেট/রংপুর/চট্টগ্রাম/খুলনা/বৃহৎ করদাতা ইউনিট (মূসক), ঢাকা।

১৩। ব্যবস্থাপনা পরিচালক, দি সিকিউরিটি প্রিন্টিং করপোরেশন (বাংলাদেশ) লিঃ, গাজীপুর।

১৪। সভাপতি, বাংলাদেশ সিগারেট ম্যানুফ্যাকচারার্স এসাসিয়েশন (বিসিএমএ), মহাখালী, ঢাকা।

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলোঃ

১। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২। অফিস কপি/গার্ড ফাইল।

(মোঃ নুরুল আমিন)
দ্বিতীয় সচিব (মূসক-বাস্তবায়ন ও আইটি)

Scanned with CamScanner